



### আজ এসএসসি পরীক্ষা শুরু

(নিজস্ব বাড়া পরিবেশক)

আজ শনিবার থেকে সারাদেশে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এস এন সি) পরীক্ষা শুরু হচ্ছে। দেশের ৪টি শিক্ষা বোর্ডের অধীনে মোট ৩ লাখ ৬৬ হাজার ৫শ' ১৩ জন ছাত্র-ছাত্রী পরীক্ষায় অংশ নিচ্ছে। এর মধ্যে ঢাকা বোর্ডের ছাত্র-ছাত্রীর সংখ্যা ১ লাখ ১৩ হাজার ২শ' ৬০, কমিলা বোর্ডে ৮৫ হাজার ৯শ' ৫ জন, রাজশাহী বোর্ডে সংখ্যা ৮৭ হাজার ৫শ' ৭৭ জন এবং যশোর বোর্ডে ৭৯ হাজার ৭৭৫ জন। সারাদেশে পরীক্ষা কেন্দ্রের মোট সংখ্যা হচ্ছে ৫শ' ৮০টি।

ঢাকা বোর্ড কর্তৃপক্ষ ১শ' ৩৬টি কেন্দ্র ও ১৩টি উপকেন্দ্রের মাধ্যমে পরীক্ষা গ্রহণের সকল প্রস্তুতি সম্পন্ন করেছেন। এছাড়া দেশের ছাইরে ঢাকা বোর্ড কর্তৃপক্ষ আরো ৮টি কেন্দ্রের মাধ্যমে বিদেশে অবস্থানরত পরীক্ষার্থীদের পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করেছেন। আগামী ২২শে মার্চ পরীক্ষা শেষ হবে।